গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

http://rangpur.judiciary.org.bd/

নং ঃ ১৬২/২০২১ তারিখ ঃ /০৯/২০২১ খ্রিঃ।

রংপুর জজশীপের অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালতের সাঁটলিপিকার মনজুরুল ইসলাম গত ১৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় তাহার স্ত্রী মোছাঃ আফরোজা খাতুন কর্তৃক দাখিলী পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে উক্ত মৃত কর্মচারীর চাকুরী খতিয়ান বহি এবং অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম এবং পর্যালোচনা করিলাম। ই.এল.পি.সি. অনুযায়ী উক্ত মৃত কর্মচারীর মৃত্যুবরণের পূর্বের মূল বেতন ছিল ৪১,৩৬০/- টাকা এবং তাহার মোট চাকুরীকাল ২৫ বৎসরের উর্দ্ধে হওয়ায় আবেদনকারিনী তাহার মৃত স্বামীর মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর ২৭/০১/২০০৯ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ নং স্মারক মোতাবেক বেসামরিক সরকারী চাকুরেদের পেনশন মঞ্জুরী ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজিকরণপত্রের ৩.৫ অনুচ্ছেদ অনুযায়ী মৃত মনজুরুল ইসলাম, সাঁটলিপিকার, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, রংপুর এর বিধবা স্ত্রী মোছাঃ আফরোজা খাতুন পুনর্বিবাহ না করায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এবং অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬. ১৫-৮১ নং প্রজ্ঞাপন মোতাবেক উক্ত কর্মচারীর মৃত্যুবরণের পূর্বের মূল বেতন ৪১,৩৬০/- টাকার ৯০%= ৩৭,২২৪/- টাকার অর্ধাংশ ১৮,৬১২/- টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে উক্ত মৃত কর্মচারীর বিধবা স্ত্রী মোছাঃ আফরোজা খাতুনকে আনুতোষিক হিসাবে ৪২,৮০,৭৬০/-(বিয়াল্লিশ লক্ষ আশি হাজার সাতশত ষাট) টাকা এবং বাকী অর্ধাংশ=১৮,৬১২/- টাকা মাসিক অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং- ২৭৯ (০৭)/২০২১ তারিখ ঃ /০৯/২০২১ খ্রিঃ।

১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, রংপুর।
২। চেয়ারম্যান, (বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল), জেলা জজ আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১৭ (সতের) ফর্দ।
৫। বেগম মোছাঃ আফরোজা খাতুন, স্বামী মৃত মনজুরুল ইসলাম, সাঁটলিপিকার, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, রংপুর বর্তমান ১২৪/১ পি.টি.আই. রোড, কটকীপাড়া, কোতয়ালী, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর। ২১/০৯/২০২১